

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়ার অধীন সদর, চান্দুরা, সরাইল, আখাউড়া, নাসিরনগর ও কসবা এলএসডির অভ্যন্তরে যেখানে যে অবস্থায় আছে কাটা/ঝড়ে উপড়ে পড়া/মরা গাছ সমূহ বিক্রয় করার নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/করাত কল মালিক/অগ্রহী ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

১)	মন্ত্রণালয়/বিভাগ	:	খাদ্য মন্ত্রণালয়।
২)	এজেন্সী	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া।
৩)	দরপত্র আহ্বানকারী কর্মকর্তা	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া।
৪)	যে কাজের জন্য দরপত্র	:	ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া সদর, চান্দুরা, সরাইল, আখাউড়া, নাসিরনগর ও কসবা এলএসডির অভ্যন্তরে যেখানে যে অবস্থায় আছে কাটা/ঝড়ে উপড়ে পড়া/মরা গাছ সমূহ বিক্রয় দরপত্র শিডিউল মোতাবেক।
৫)	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	:	স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৭.৩৯.০০১.১৭-১৯৮৭(১৫) , তারিখঃ- ২৪/১০/১৭
৬)	দরপত্র বিক্রয় পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র (OTM)
৭)	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	১৩/১১/২০১৭ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়।
৮)	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	:	১৪/১১/২০১৭ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত।
৯)	দরপত্র গ্রহণের স্থান	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়ায় রক্ষিত দরপত্র বাস্তু।
১০)	দরপত্র দলিল/শিডিউল প্রাপ্তির স্থান	:	নেজারত শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
১১)	দরপত্র খোলার তারিখ ও সময়	:	১৪/১১/২০১৭ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকা।
১২)	দরপত্র উন্মুক্ত করণের স্থান	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
১৩)	দরপত্র দাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা	:	প্রকৃত ব্যবসায়ী/করাত কল মালিক/অগ্রহী ব্যক্তি। তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের TIN সনদ, আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও কোন তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ থাকতে হবে।
১৪)	দরপত্র শিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	:	৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র।
১৫)	দরপত্র জামানত	:	উদ্ধৃত দরের ১০% হারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়ার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।
১৬)	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া।
১৭)	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা ও ফোন নং	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া। ফোন নং - ০৮৫১-৫৮২৩২।
১৮)	দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়)	:	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সদর। ফোন নং - ০৮৫১-৫৮১২৩।
দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তিতে যে কোন পরিবর্তন, সংযোজন বা সংশোধন এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন !			

দরপত্রের শর্তাবলী :-

- এলএসডি ভিত্তিক গাছের দরপত্র দাখিল করতে হবে। দরদাতা এক বা একাধিক এলএসডির গাছের দর দাখিল করতে পারবেন। তবে কোন এলএসডির কর্তনযোগ্য গাছের আংশিক দর দাখিল করা যাবে না।
- দরপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এর আওতাধীন বিভিন্ন কেন্দ্রে নতুন গুদাম নির্মানের লক্ষ্যে কাটা/ঝড়ে উপড়ে পড়া গাছ/জ্বালানী কাঠের দরপত্র" কথাটি লিখতে হবে।
- প্রতিটি দরপত্র সিডিউলের মূল্য ৫০০.০০ টাকা অত্র দপ্তর হতে পাশকৃত ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে নেজারত শাখা হতে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
- কোন প্রকার কাটা, ঘষামাজা ও ফুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।

